

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর
ই-৭, আগারগাঁও, ঢাকা-১২০৭
www.dip.gov.bd

নং-ব.পা.অ/প্রঃ ১/৫২/২০১৬/২১০৮

তারিখ : ১৮-০৮-২০১৬ খ্রিঃ।

নিয়োগ বিজ্ঞপ্তি

বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তরের নিম্নোক্ত শূন্য পদগুলি অস্থায়ীভাবে পূরণের উদ্দেশ্যে প্রকৃত বাংলাদেশি নাগরিকগণের নিকট হতে নিম্নে উল্লিখিত শর্ত সাপেক্ষে স্বহস্তে লিখিত দরখাস্ত আহ্বান করা যাচ্ছে :

ক্রঃ নং	পদের নাম ও বেতন স্কেল	পদের সংখ্যা	শিক্ষাগত ও অন্যান্য যোগ্যতা	যে সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন
১।	অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক বেতন স্কেল : ৯৩০০-২২৪৯০	১০ (দশ)টি	ক) উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের সার্টিফিকেট পরীক্ষায় উত্তীর্ণ খ) কম্পিউটারে বাংলা ও ইংরেজি টাইপের ন্যূনতম গতি প্রতি মিনিটে যথাক্রমে ২০ ও ২৮ শব্দ থাকতে হবে।	সকল জেলা
২।	ডাটা এন্ট্রি/কন্ট্রোল অপারেটর বেতন স্কেল : ৯৩০০-২২৪৯০	০১ (এক)টি	(ক) উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের সার্টিফিকেট পরীক্ষায় উত্তীর্ণ। বিজ্ঞান বিভাগ হতে উত্তীর্ণ প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হবে। (খ) সংশ্লিষ্ট এন্ট্রিচ্যুড পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।	-ঐ-
৩।	সহকারী হিসাব রক্ষক বেতন স্কেল : ৯৩০০-২২৪৯০	০১ (এক)টি	ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে বাণিজ্য বিভাগে অন্যান্য স্নাতক পাস খ) কম্পিউটার চালনায় দক্ষ হতে হবে।	-ঐ-
৪।	ড্রাইভার বেতন স্কেল : ৯৭০০-২৩৪৯০	০৪ (চার)টি	হালকা ও ভারী মোটরযান চালনায় বৈধ লাইসেন্সসহ অন্যান্য জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।	-ঐ-

শর্তাবলী :

EDUCATIONNEWSD24.COM

- সাদা কাগজে স্বহস্তে প্রার্থীর নাম, পিতা/স্বামীর নাম, মাতার নাম, স্থায়ী ও বর্তমান ঠিকানা, জন্মতারিখ, বয়স, জাতীয়তা, শিক্ষাগত যোগ্যতা, নিজ জেলার নাম ও অভিজ্ঞতা (যদি থাকে) উল্লেখপূর্বক আগামী ১৫/০৯/২০১৬ খ্রিঃ তারিখের মধ্যে "মহা-পরিচালক, বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা-১২০৭" বরাবর ডাকযোগে আবেদনপত্র পৌছাতে হবে। উল্লিখিত তারিখের পর প্রাপ্ত আবেদন বাতিল বলে গণ্য হবে।
- হাতে হাতে কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না।
- প্রার্থী নির্বাচনের ক্ষেত্রে বিদ্যমান সরকারি কোটানীতি অনুসরণ করা হবে।
- আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর সদস্যদের আবেদন আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী অধিদপ্তরের প্রধান কার্যালয় অথবা সংশ্লিষ্ট জেলা আনসার কমান্ডার-এর মাধ্যমে প্রেরণ করতে হবে। মুক্তিযোদ্ধাদের সন্তান/পোষ্যদের ক্ষেত্রে মুক্তিযোদ্ধা সংক্রান্ত সনদপত্র/প্রত্যয়নপত্রসহ গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মুক্তিযোদ্ধা বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত হতে হবে এবং পোষ্যদের ক্ষেত্রে উপযুক্ত প্রমাণপত্র দাখিল করতে হবে। এতিমখানা নিবাসী ও শারীরিক প্রতিবন্ধীদের উপযুক্ত কর্তৃপক্ষের প্রত্যয়নপত্র আবেদনপত্রের সাথে যুক্ত করতে হবে।
- আবেদনকারীর বয়স ০১/০৭/২০১৬ খ্রিঃ তারিখে সর্বনিম্ন ১৮ এবং সর্বোচ্চ ৩০ বৎসর হতে হবে। তবে প্রকৃত মুক্তিযোদ্ধার সন্তান/পোষ্যদের ও শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে বয়সসীমা সর্বোচ্চ ৩২ বৎসর।
- সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান ও বিভিন্ন কর্পোরেশনে কর্মরত প্রার্থীদের স্ব স্ব কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।
- ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি কর্পোরেশনের চেয়ারম্যান/ওয়ার্ড কমিশনার কর্তৃক প্রদত্ত জাতীয়তা সনদপত্র; প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র; শিক্ষাগত যোগ্যতা, কারিগরী যোগ্যতা ও অভিজ্ঞতার সনদপত্র এবং সম্প্রতি তোলা ০৪ (চার) কপি পাসপোর্ট সাইজ ও ০২ (দুই) কপি স্ট্যাম্প সাইজ ছবি প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা (নামের সিলসহ) কর্তৃক সত্যায়ন করে আবেদনপত্রের সাথে দাখিল করতে হবে। আবেদনপত্রের সাথে দাখিলকৃত কাগজপত্র প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তার 'নামের সিল'-সহ সত্যায়িত না হলে আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।
- আবেদনপত্রের সহিত 'মহা-পরিচালক, বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা-১২০৭' বরাবরে কোড নং ১-২২৭৫-০০০০-২০৩১তে ১৫০ (একশত পঞ্চাশ) টাকা জমার ট্রেজারি চালানোর মূলকপি সংযুক্ত করতে হবে।
- খামের উপর বামদিকে আবেদনকৃত পদের নাম উল্লেখ করতে হবে এবং প্রার্থীর নিজ ঠিকানা সম্বলিত প্রতিটি খামে ০৬ (ছয়) টাকা মূল্যের ডাকটিকেট যুক্ত ০৩ (তিন)টি 'ফেরত খাম' (৯"×৪") আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।
- বয়সের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।
- নিয়োগ বিজ্ঞপ্তি শর্ত পূরণ হয়নি এমন আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।
- কর্তৃপক্ষ নিয়োগযোগ্য পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি করতে পারেন।
- নিয়োগ পরীক্ষার জন্য কোন ভ্রমণ ভাতা/দৈনিক ভাতা প্রদান করা হবে না।
- কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকেই নিয়োগ প্রক্রিয়া বাতিল/স্থগিত করার পূর্ণ ক্ষমতা সংরক্ষণ করেন।

মোঃ আবু সাইদ
উপপরিচালক (প্রশাসন ও সংস্থাপন)

ও
সদস্যসচিব,

বিভাগীয় বাছাই/নির্বাচন কমিটি।